# বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেড

চট্টগ্রাম রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা, দক্ষিণ হালিশহর, চট্টগ্রাম-৪২২৩।
(web: www.bepzacollegectg.edu.bd), EIIN-104263

## শিক্ষার্থী বৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

### 'নিশাত্থা কারিওয়াসাম ছাত্র বৃত্তি' - ২০২৫

বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেড-এ অধ্যয়নরত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম ইপিজেডের স্বনামধন্য শিল্প প্রতিষ্ঠান **'ক্যানপার্ক এন্ড রিজেন্সি'** থেকে **"নিশাত্থা কারিওয়াসাম ছাত্রবৃত্তি-২০২৫"** প্রদান করা হবে। উক্ত বৃত্তি **প্লে থেকে দ্বাদশ** শ্রেণির শিক্ষার্থীদের (০১ বছরের জন্য, জানুয়ারী-ডিসেম্বর ২০২৫) প্রদান করা হবে।

উল্লিখিত বৃত্তির জন্য যোগ্য অত্র প্রতিষ্ঠানে অধ্যয়নরত মেধাবী, দরিদ্র ও সু-শৃঙ্খল শিক্ষার্থীকে আগামী **২০/০৫/২৫ ইং তারিখের** মধ্যে অধ্যক্ষ বরাবর স্বহস্তে লিখিত দরখাস্ত শ্রেণীভিত্তিক নিম্নোক্ত শিক্ষকদের নিকট জমা দেওয়ার জন্য নির্দেশ দেয়া হলোঃ

- প্লে থেকে ৫ম - **জনাব সাহেদা আক্তার** (জুনিয়র সহকারি শিক্ষক)
- ৬ষ্ঠ থেকে দশম শ্রেণি-**জনাব মোহাম্মদ হারুন-অর-রশিদ** (সহকারী শিক্ষক, ভূগোল)
- একাদশ ও দ্বাদশ শ্রেণি-**জনাব মিশকাত কবির আজাদ** (প্রভাষক, পৌরনীতি ও সুশাসন)

বৃত্তির আবেদনের যোগ্যতা ও প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা নিম্নরূপ:

**বৃত্তি পাওয়ার যোগ্যতা:**

১। সুশৃঙ্খল শিক্ষাজীবন;
২। দরিদ্র সুবিধাবঞ্চিত পরিবারের মেধাবী সন্তান;
৩। শ্রেণি কার্যক্রমে নিয়মিত অংশগ্রহণ;
৪। সময়ানুবর্তিতা ও শিষ্টাচার গুণসম্পন্ন;
৫। ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রে দক্ষতা (অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে)।

**আবেদনপত্রের সাথে নিম্নলিখিত প্রত্যয়নপত্র জমা দিতে হবে:**

১। পিতা/মাতা যে প্রতিষ্ঠানে কর্মরত সে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক পেশা ও মাসিক আয় সংক্রান্ত প্রত্যয়ন পত্র।
২। দরিদ্র সুবিধাবঞ্চিত পরিবারের সন্তান প্রমাণের জন্য এলাকার চেয়ারম্যান/ কাউন্সিলর/মেয়রের প্রত্যয়ন পত্র অথবা অন্য যেকোন প্রত্যয়ন পত্র।
৩। পূর্ববর্তী পরীক্ষার (অর্ধবার্ষিক / বার্ষিক/ সমাপনী পরীক্ষার) একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি।
৪। স্ব স্ব শ্রেণি শিক্ষক/গাইড শিক্ষক কর্তৃক মেধা, শিষ্টাচার, সময়ানুবর্তিতা ও নিয়মিত শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণের প্রত্যয়ন।

**বিশেষ দ্রষ্টব্য:** অসম্পূর্ণ আবেদন বাতিল বলে পরিগণিত হবে।

০৭/০৫/২৫
আবদুল মোমেন, সহকারী অধ্যাপক (জীববিজ্ঞান)
আহ্বায়ক
শিক্ষার্থী বাছাই কমিটি - ২০২৫